

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ফারজানা ইয়াছমিন লিটা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।


সভার তারিখ ও সময় : ২৯/০৬/২০২২ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ২৯/০৬/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন লিটা এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ

ক্রঃনং	বিষয়	আলোচনা
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।
০২	কমিউনিটি ক্লিনিকে এবং ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে।	কমিটির সদস্য সচিব উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ উত্তম কুমার সরকার বলেন, গত মে/২০২২ ইং মাসে অত্র উপজেলায় ৬৩ টি কমিউনিটি ক্লিনিকে ৪০৩২১ জনকে এবং ৯টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ১০৬৫৫ জনকে প্রাথমিক চিকিৎসা সেবা দেওয়া হয়। এছাড়া জানুয়ারি/২০২২ হতে চলতি মাস পর্যন্ত ১৮১ টি নরমাল ডেলিভারি কমিউনিটি ক্লিনিকে হয়েছে। কিন্তু কমিউনিটি ক্লিনিকে ডেলিভারি করানোর জন্য সরকারী ভাবে কোন ঔষধ সরবরাহ দেওয়া হয় না। স্থানীয় ব্যবস্থাপনায় ঔষধ সরবরাহ করা হচ্ছে। কিন্তু চাহিদা অনুপাতে তাহা অনেক কম। সে সকল কমিউনিটি ক্লিনিক এবং উপ-স্বাস্থ্য কেন্দ্রে নরমাল ডেলিভারি করা হয় সেই গুলিতে ঔষধ এবং ডেলিভারি সংক্রান্ত যন্ত্রপাতি উপজেলা পরিষদ হতে ক্রয় করে দিলে অত্র এলাকায় জনগন আরো ভাল সেবা পাবে এবং কমিউনিটি ক্লিনিক ও উপ-স্বাস্থ্য কেন্দ্রে নরমাল ডেলিভারি সংখ্যা আরও বৃদ্ধি পাবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ফারজানা ইয়াছমিন)
ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি
জামালপুর সদর, জামালপুর।

স্মারকনং- ৮৪৮/৯

তারিখঃ ২৯/০৬/২০২২খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি, জামালপুর সদর,

জামালপুর।

০৪। অফিস নথি।



(ডাঃ উত্তম কুমার সরকার)

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

জামালপুর সদর, জামালপুর।

